ভোরের কাগজ

তারিখ ... APR. 23 2000 ...
পৃষ্ঠা 2? ... কলাম 6 ...

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং শাঃ ১৩/১-১২ (টেকনোলজি)/৯৮/৭৩

তারিখ : ১৭/৪/২০০০

## বিজ্ঞপ্তি

**বিষয় : জাপান সরকার প্রদত্ত মনবুশো (কলেজ অব টেকনোলজি) বৃত্তি : ২০০১ প্রসঙ্গে।**

২০০০ শিক্ষাবর্ষে জাপান সরকারের মনবুশো স্নাতকপূর্ব (কলেজ অব টেকনোলজি) বৃত্তির অধীনে মেধাক্রমের ভিত্তিতে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত বিষয়ে অধ্যয়নের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, এপ্রিল ২০০১ সালে এই কোর্স শুরু হবে।

**Fields of Study**

Category I — 1) Electronics,
2) Electronic Control Engineering

Category II — 3) Electrical Engineering
4) Electronics
5) Information Engineering

Category III — 6) Material Science
7) Industrial Chemistry
8) Chemical Engineering

Category IV — 9) Civil Engineering
10) Architecture

Category V — 11) Mercantile Marine (Natural Science),
12) Mercantile Marine (Marine Engineering).

২। প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় ১ম বিভাগসহ গড়ে ৮০% এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় রসায়ন, পদার্থ ও গণিত বিষয়সমূহের প্রতিটিতে ৭৫% নম্বরের বেশী থাকতে হবে।

৩। ১/৪/২০০০ তারিখে প্রার্থীদের বয়স ১৭ বৎসর থেকে ২২ বৎসরের মধ্যে হতে হবে (২রা এপ্রিল ১৯৭৯ হতে ১লা এপ্রিল ১৯৮৪ তারিখের মধ্যে জন্মগ্রহণ করেছেন)।

৪। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে অন্য কোন বৃত্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৫। প্রার্থীকে অবশ্যই জাপানী ভাষা শিখতে হবে এবং জাপানী ভাষায় পাঠ নিতে হবে।

৬। একজন প্রার্থী একাধিক বিষয়ে আবেদন করতে পারবে না।

৭। ইচ্ছাকৃত মিথ্যা বিবরণ/তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। একটি দেশের বৃত্তির জন্য কেহ মনোনীত হলে তাকে অন্য কোন দেশের বৃত্তির প্রার্থী হিসেবে বিবেচনা করা হয় না। এই বৃত্তি ভোগে প্রকৃতপক্ষে আগ্রহী নন এমন প্রার্থীকে আবেদন করা থেকে বিরত থাকার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

৯। সাদা কাগজে নিম্নলিখিত ছক অনুসারে ইংরেজীতে দুই কপি আবেদনপত্র দাখিল করতে হবে। এককপি দরখাস্তের সাথে প্রার্থীর সকল পরীক্ষার পাশের সার্টিফিকেট ও মার্কশীট এবং পাসপোর্ট আকারের ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করে দিতে হবে। দরখাস্তের অপর কপিতে শুধু একটি অনুরূপ সত্যায়িত ছবিসহ মূল দরখাস্তের সাথে জেমস ক্লিপ দ্বারা এমনভাবে সংযুক্ত করতে হবে যাতে দুটি দরখাস্ত সহজেই পৃথক করা যায়। অন্য কোনরূপ আবেদনপত্র দাখিলের প্রয়োজন নাই।

১০। আবেদনপত্রের ছক নিম্নরূপ হবে :

**জাপান সরকারের মনবুশো (কলেজ অব টেকনোলজি)**
**বৃত্তি-২০০১-এর জন্য আবেদন**
**প্রার্থিত বিষয়ের নাম :**

...প্রার্থীর নাম :
...পিতার নাম :
...র্তমান ঠিকানা (টেলিগ্রাম অফিসসহ) :
...এসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফল :

| ...ীক্ষার নাম | বোর্ড | বৎসর | রোল নম্বর | প্রাপ্ত মোট নম্বর | শতকরা হার |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

... এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফল ও শতকরা হার

...সি পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়/বিষয়সমূহে প্রাপ্ত নম্বর

| ...র নাম | পদার্থ বিজ্ঞান | গণিত | রসায়ন | মোট নম্বর | শতকরা হার |
|---|---|---|---|---|---|
| | | | | | |

...খ এবং ১/৪/২০০১ তারিখে বয়স :
...না :

...কানা (টেলিফোন নম্বর যদি থাকে) :
...লয় কর্তৃক অন্য কোন বৃত্তির জন্য নির্বাচিত হয়ে থাকলে উহার বিস্তারিত বিবরণ :

আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর

...নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় **আগামী ২/৫/২০০০** তারিখের মধ্যে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য ...ত্রের খামের উপরে **"জাপান সরকার প্রদত্ত মনবুশো স্নাতকপূর্ব কলেজ অব টেকনোলজি বৃত্তি"** শাখা/বিষয়ের ...রতে হবে।

...ন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা **১৮/৫/২০০০ তারিখে** শিক্ষা মন্ত্রণালয়ের এবং সচিবালয়ে ১নং ... দেয়া হবে। প্রার্থীদের কোন চিঠি দেয়া হবে না টেলিফোনে যোগাযোগ করতে পারেন। সকল পরীক্ষায় প্রাপ্ত ...ত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত প্রার্থীদের ঢাকাস্থ জাপান দূতাবাস কর্তৃক ...ত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার বিষয়সমূহ হচ্ছে গণিত এবং পদার্থবিদ্যা বা রসায়ন। ...রে জানানো হবে। নির্বাচিত প্রার্থীদের যাবতীয় ব্যয়ভার জাপান সরকার/সংস্থা বহন করবে। ...ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বেগম কাজল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ভবন নং-৬, রুম নং-১৭০৬
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোন : ৮৬১৫০৩২

...০ (১০"×৩)

ATION AND STATISTICS
3. SYSTEM
SHEET — OF — SHEETS